

# গ্লুকোমা কি ?

চোখের মণির উপর চাপ বৃদ্ধি হওয়া, যার ফলস্বরূপ ধীরে ধীরে দৃষ্টিশক্তি কমতে থাকে।

## গ্লুকোমার লক্ষণগুলি কি ?

- 1 আলোর চারপাশে বর্ণবলয় দেখতে পাওয়া
- 2 চোখের প্রান্তস্থ দৃষ্টি হ্রাস পাওয়া
- 3 চোখের মধ্যে লালচে ভাব
- 4 রাপসা দৃষ্টি
- 5 চোখে প্রচণ্ড যন্ত্রণা হওয়ার সাথে বমি বমি ভাব বা বমি হওয়া

## গ্লুকোমা হওয়ার ঝুঁকিপূর্ণ কারণগুলি কি কি ?

40 বছরের বেশী বয়সী ব্যক্তি



গ্লুকোমা থাকার বংশগত ইতিহাস

দুর্বল দৃষ্টিশক্তি



দীর্ঘদিন ধরে স্টেরয়েড ওষুধসমূহ সেবন করা



ডায়াবেটিস



উচ্চ রক্তচাপ



# শিশুদের ক্ষেত্রে প্রাথমিক পর্যায়েই রোগনির্ণয়

চোখের উপর চাপ পড়ার লক্ষণগুলি সুস্পষ্ট নাও হতে পারে। নিম্নলিখিত লক্ষণগুলির উপর অভিভাবকদের নজর রাখা উচিত:

- অস্পষ্ট, অস্বাভাবিক বড় চোখ / চক্ষুদ্রয়
- সূর্যের আলোতে বা ক্যামেরার ফ্ল্যাশে চোখের সমস্যা হওয়া
- অত্যধিক জল পড়া
- অন্ধকারে স্বাভাবিক হতে সমস্যা
- লাল চোখ



গ্লুকোমার এই লক্ষণগুলি লক্ষ্য করলে, কোনো পেডিয়াট্রিক চক্ষু-বিশেষজ্ঞ / অপথ্যালমোলজিস্ট -এর কাছে আপনার শিশুটির চক্ষু পরীক্ষা করান